আলমডাঙ্গার আইলহাস ইউনিয়নে দিলীপ কুমার আগরওয়ালার ঈগল মার্কার পথসভা

আমার উপর বিশ্বাস আর আস্থা রাখেন চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গায় উন্নয়নের জোয়ার বয়ে দেবো। আমাকে এমপি হিসেবে নির্বাচিত করুন, আমি আপনাদের বিশ্বাস অক্ষুন্ন রাখব। আপনাদের সাথে নিয়ে উন্নয়নের কাজ করে, সেই বিশ্বাসের প্রমান দেব। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের চুয়াডাঙ্গা-১ আসনের ঈগল মার্কার প্রার্থী ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির সদস্য দিলীপ কুমার আগরওয়ালা চুয়াডাঙ্গা-১ আসনের বিভিন্ন অঞ্চলে গণসংযোগ, পথসভা ও নির্বাচনী অফিসে নেতাকর্মীদের সাথে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

আজ মঙ্গলবার বিকেল থেকে রাত পর্যন্ত আলমডাঙ্গা উপজেলার আইলহাস ইউনিয়নের বলেশ্বরপুর, বুড়োপাড়া, বাগুন্দি, আইলহাস, শিশিরদাড়ি, পাইকপাড়া, ঘোলদাড়ী ও হোসেনপুর গ্রামে গণসংযোগ ও পথসভা করেন।

গণসংযোগকালে বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক সদস্য দিলীপ কুমার আগরওয়ালা আরো বলেন, আমি আপনাদের এলাকার সন্তান। তাই আপনাদের মাঝে এসেছি। ভবিষ্যতে আপনাদের সাথেই থাকব। এটাই আমার অঙ্গিকার। এই অঞ্চলের মানুষের উন্নয়ন করতে চাই। তার জন্য আপনাদের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা কামনা করছি।

তিনি আরো বলেন, বর্তমান সরকার উন্নয়নবান্ধব সরকার। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, অবকাঠামো, বিদ্যুৎসহ সব ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। ডিজিটালের পাশাপাশি উন্নত দেশ গড়তে হলে আমাদেরকে স্মার্ট বাংলাদেশে যেতে হবে। একটি আধুনিক ও উন্নত দেশ গড়তে হলে জননেত্রী শেখ হাসিনা সরকারের বিকল্প নেই।

এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক এড. আব্দুল মালেক, সাবেক যুব ও ক্রিড়া বিষয়ক সম্পাদক এড. শফিকুল ইসলাম শফি, শরিফ চৌধুরী, কমল কুমার বিশ্বাস, বজলুল রহমান প্রমুখ।

[redacted]

[redacted]